মুখবন্ধ

অর্থ বিভাগ কর্তৃক স্বায়ত্বশাসিত, আধা-স্বায়ত্বশাসিত ও স্থানীয় সরকার (স্ব-শাসিত) প্রতিষ্ঠানসমূহে প্রদত্ত ঋণের হিসাব ডিজিটাল পদ্ধতিতে সংরক্ষণ করা হচ্ছে জেনে আমি খুবই আনন্দিত। আধুনিক আর্থব্যবস্থাপনায় ডিজিটাল পদ্ধতিতে হিসাব রক্ষণাবেক্ষণের কোন বিকল্প নেই। ডেট সার্ভিস লায়াবিলিটির (ডিএসএল) মত জটিল হিসাব ব্যবস্থাপনার ক্ষেত্রে এর গুরুত্ব অনেক বেশী বলে মনে করি।

সরকার তার সীমিত সম্পদ থেকে এবং উন্নয়ন সহযোগীদের কাছ থেকে সংগৃহীত অর্থ বিভিন্ন সংস্থার প্রকল্পে ঋণ হিসেবে প্রদান করে থাকে। দেশীয় সম্পদ অন্যত্র ব্যবহারের পরিবর্তে প্রকল্পসমূহকে দেয়া সরকারের জন্য খুবই কষ্টকর। আর উন্নয়ন সহযোগীদের নিকট থেকে প্রাপ্ত অর্থ নির্ধারিত সময়ের মধ্যে সুদাসলে সরকারকে পরিশোধ করতে হয়। সেকারণে সময়মতো ঋণ পরিশোধ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। ঋণের সর্বোত্তম ব্যবহার এবং ব্যবস্থাপনায় দক্ষতা অর্জন সময়মত ঋণ পরিশোধের সক্ষমতা বৃদ্ধি করবে। এর ফলে অত্যাবশ্যকীয় উন্নয়ন কাজে পুনর্বিনিয়োগের দ্বার উন্মোচিত হবে এবং দেশের আর্থ-সামাজিক উন্নয়নের গতি ত্বরান্বিত হবে। তাই বর্তমান বিশ্বায়নের যুগে উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে নিজেদের অবস্থান সুদৃঢ় করার মূল লক্ষ্যকে সামনে রেখে প্রত্যেকটি প্রতিষ্ঠানকে ব্যবস্থাপনা উন্নয়নের সাথে সাথে মিতব্যয়িতা ও দক্ষতা নিশ্চিত করার বিষয়ে আমি সকলের অধিকতর মনযোগ প্রত্যাশা করছি।

ডিএসএল হিসাব ব্যবস্থাপনাকে যুগোপযোগী করার ক্ষেত্রে যারা শ্রম দিয়েছেন আমি তাদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাই।

কম্পিউটারাইজড হিসাব ব্যবস্থাপনায় অর্জিত সাফল্যে আরও গতি সঞ্চারিত হবে এবং এর ধারাবাহিকতা অব্যাহত থাকবে এ প্রত্যাশা করছি।

(আবুল মাল আবদুল মুহিত)
মন্ত্রী
অর্থ মন্ত্রণালয়।